Lens Asia

৮ এপ্রিল, ২০২৬

# ট্রাম্পের দুই সপ্তাহের যুদ্ধবিরতি ঘোষণা, শর্তে হরমুজ প্রণালি খোলা





ডোনাল্ড ট্রাম্প। ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে সীমিত সময়ের জন্য যুদ্ধবিরতির ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। বুধবার (৮ এপ্রিল) সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে তিনি জানান, ইরানের বিরুদ্ধে বোমাবর্ষণ ও সামরিক অভিযান দুই সপ্তাহের জন্য স্থগিত রাখতে সম্মত হয়েছেন তিনি। এই বিরতিকে তিনি দ্বিপক্ষীয় যুদ্ধবিরতি হিসেবে উল্লেখ করেন।

নিজের সামাজিকমাধ্যম ট্রুথ সোশালে ট্রাম্প বলেন, পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ এবং ফিল্ড মার্শাল আসিম মুনিরের অনুরোধে পরিকল্পিত সামরিক হামলা আপাতত স্থগিত রাখা হয়েছে। তবে এ সিদ্ধান্ত শর্তসাপেক্ষ ইরানকে হরমুজ প্রণালি সম্পূর্ণ, তাৎক্ষণিক ও নিরাপদভাবে উন্মুক্ত রাখতে হবে। এই শর্ত পূরণ সাপেক্ষেই দুই সপ্তাহের জন্য হামলা বন্ধ রাখার সিদ্ধান্ত কার্যকর হবে।

এ সিদ্ধান্তের পেছনে কারণ ব্যাখ্যা করে ট্রাম্প দাবি করেন, যুক্তরাষ্ট্র ইতোমধ্যেই তাদের নির্ধারিত সামরিক লক্ষ্য অর্জন করেছে, এমনকি কিছু ক্ষেত্রে তা অতিক্রমও করেছে। একই সঙ্গে তিনি বলেন, ইরানের সঙ্গে দীর্ঘমেয়াদি সমঝোতা এবং মধ্যপ্রাচ্যে স্থায়ী শান্তি প্রতিষ্ঠার পথেও উল্লেখযোগ্য অগ্রগতি হয়েছে।


Donald J. Trump
@realDonaldTrump

Based on conversations with Prime Minister Shehbaz Sharif and Field Marshal Asim Munir, of Pakistan, and wherein they requested that I hold off the destructive force being sent tonight to Iran, and subject to the Islamic Republic of Iran agreeing to the COMPLETE, IMMEDIATE, and SAFE OPENING of the Strait of Hormuz, I agree to suspend the bombing and attack of Iran for a period of two weeks. This will be a double sided CEASEFIRE! The reason for doing so is that we have already met and exceeded all Military objectives, and are very far along with a definitive Agreement concerning Longterm PEACE with Iran, and PEACE in the Middle East. We received a 10 point proposal from Iran, and believe it is a workable basis on which to negotiate. Almost all of the various points of past contention have been agreed to between the United States and Iran, but a two week period will allow the Agreement to be finalized and consummated. On behalf of the United States of America, as President, and also representing the Countries of the Middle East, it is an Honor to have this Longterm problem close to resolution. Thank you for your attention to this matter! President DONALD J. TRUMP

9.46k ReTruths 39.3k Likes Apr 08, 2026, 4:32 AM

তিনি আরও জানান, ইরানের পক্ষ থেকে একটি ১০ দফা প্রস্তাব পাওয়া গেছে, যা আলোচনার জন্য কার্যকর ভিত্তি তৈরি করেছে। অতীতের বেশ কিছু গুরুত্বপূর্ণ বিরোধ নিয়েও উভয় পক্ষের মধ্যে সমঝোতা হয়েছে বলে উল্লেখ করেন তিনি। ট্রাম্পের মতে, এই দুই সপ্তাহের সময়সীমা চূড়ান্ত চুক্তি সম্পন্ন করার জন্য গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

উল্লেখ্য, নির্ধারিত সময়সীমা শেষ হওয়ার প্রায় এক ঘণ্টা আগে এই ঘোষণা দেন ট্রাম্প।

এর আগে পাকিস্তানের প্রধানমন্ত্রী শাহবাজ শরিফ ট্রাম্পের কাছে ইরানকে সময় দেওয়ার আহ্বান জানান। তিনি দুই সপ্তাহ সময় বাড়ানোর অনুরোধের পাশাপাশি এ সময় হরমুজ প্রণালি খোলা রাখার বিষয়েও গুরুত্বারোপ করেন। তার মতে, চলমান কূটনৈতিক উদ্যোগ ইতিবাচক অগ্রগতি দেখাচ্ছে এবং তা ফলপ্রসূ করতে কিছুটা সময় প্রয়োজন।

মঙ্গলবার (৭ এপ্রিল) সামাজিক যোগাযোগমাধ্যমে এক বার্তায় শাহবাজ শরিফ বলেন, মধ্যপ্রাচ্যে শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে কূটনৈতিক প্রচেষ্টা ধারাবাহিকভাবে এগিয়ে চলছে এবং শিগগিরই এর দৃশ্যমান ফল পাওয়া যেতে পারে। তিনি আরও জানান, এই প্রক্রিয়াকে সফল করতে ট্রাম্পের কাছে সময়সীমা বাড়ানোর অনুরোধ জানিয়েছেন।

তেহরানের প্রতিও সদিচ্ছা দেখানোর আহ্বান জানিয়ে তিনি বলেন, এই সময়ের মধ্যে হরমুজ প্রণালি খোলা রাখা আস্থার প্রতীক হতে পারে। পাশাপাশি, আঞ্চলিক স্থিতিশীলতার স্বার্থে সংশ্লিষ্ট সব পক্ষকে দুই সপ্তাহের জন্য যুদ্ধবিরতি মেনে চলার আহ্বান জানান তিনি। তার মতে, এতে কূটনৈতিক আলোচনার মাধ্যমে সংঘাতের স্থায়ী সমাধানের পথ আরও সুগম হবে।

LENS ASIA

lensasia.net

https://lensasia.net/bisw/news/view/ট্রাম্পের-দুই-সপ্তাহের-যুদ্ধবিরতি-ঘোষণা-শর্তে-হরমুজ-প্রণালি-খোলা